গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ভ্যাট বিভাগ]

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

সাধারণ আদেশ নং-০৯/মূসক/২০১৯।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি-১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড দেশের সকল সিটি কর্পোরেশন এলাকায় অথবা জেলা শহরে অবস্থিত অথবা সংশ্লিষ্ট কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট কর্তৃক নির্বাচিত বার্ষিক টার্নওভার ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকার বেশি এমন নিম্নবর্ণিত পণ্য বা সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক ক্রয়-বিক্রয় হিসাব সংরক্ষণ, বিক্রয় সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় রাজস্ব বোর্ডের নিকট প্রেরণ ও বিক্রিত পণ্য/সেবার গ্রাহকের বরাবরে 'মূসক ৬.৩' চালানপত্র ইস্যুর ক্ষেত্রে এই আদেশে বর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে Electronic Fiscal Device (EFD) অথবা ক্ষেত্রমত Sales Data Controller (SDC) অথবা Point of Sales (POS) software ব্যবহার বাধ্যতামূলক করিল, যথা:-

ক. আবাসিক হোটেল;
খ. রেস্তোরাঁ ও ফাস্টফুড শপ;
গ. ডেকোরেটরস ও ক্যাটারার্স;
ঘ. মোটর গাড়ীর গ্যারেজ, ওয়ার্কসপ এবং ডকইয়ার্ড;
ঙ. বিজ্ঞাপনী সংস্থা;
চ. ছাপাখানা ও বাঁধাই সংস্থা;
ছ. কমিউনিটি সেন্টার;
জ. মিষ্টান্ন ভান্ডার;
ঝ. স্বর্ণকার ও রৌপ্যকার এবং স্বর্ণের ও রৌপ্যের দোকানদার এবং স্বর্ণ পাকাকারী;
ঞ. আসবাবপত্রের বিক্রয় কেন্দ্র;
ট. কুরিয়ার ও এক্সপ্রেস মেইল সার্ভিস;
ঠ. বিউটি পার্লার;
ড. হেলথ ক্লাব ও ফিটনেস সেন্টার;
ঢ. কোচিং সেন্টার;
ণ. সামাজিক ও খেলাধুলা বিষয়ক ক্লাব;
ত. তৈরি পোশাক বিপণন;
থ. ইলেকট্রনিক/ইলেকট্রিক্যাল গৃহস্থালী সামগ্রীর বিক্রয়কেন্দ্র;
দ. শপিং সেন্টার/শপিংমল/মার্কেট এর অন্তর্ভুক্ত সকল সেবা প্রদানকারী ও ব্যবসায়ী প্রতিষ্ঠান;
ধ. ডিপার্টমেন্টাল স্টোর;
ন. জেনারেল স্টোর/সুপারশপ;
প. অন্যান্য বড় ও মাঝারী ব্যবসায়ী (পাইকারী ও খুচরা) প্রতিষ্ঠান;

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

ফ. যান্ত্রিক লন্ড্রি;

ব. সিনেমা হল;

ভ. সিকিউরিটি সার্ভিস;

ম. বোর্ড বা কমিশনার কর্তৃক নির্ধারিত অন্য যেকোনো পণ্য বা সেবা সরবরাহকারী।

২। (ক) **EFD** এর **Technical Specification** হইবে নিম্নরূপ:

১. EFD এর এমন বৈশিষ্ট্য থাকিবে যাহার ফলে ডিভাইসটি বোর্ডের নিয়ন্ত্রণাধীন Electronic Fiscal Device Management System (EFDMS) এর সহিত Standard Application Programming Interface (API) এর মাধ্যমে সংযুক্ত করা যায়;

২. EFD এর এমন বৈশিষ্ট্য থাকিতে হইবে যাহার ফলে দূর নিয়ন্ত্রণের মাধ্যমে (remotely) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃপক্ষ উক্ত ডিভাইস কার্যকর বা অকার্যকর করিতে পারে;

৩. জনপ্রিয় ও আদর্শ প্রোগ্রামিং ভাষা ব্যবহার করিয়া প্রোগ্রামিং ফাংশন এবং উন্মুক্ত API থাকিতে হইবে। এই ব্যবস্থার ফলে কেন্দ্রিয় EFDMS এর সহিত EFD এর বৈশিষ্ট্য সামঞ্জস্যপূর্ণ হইবে;

৪. EFDMS এ তথ্য আদান/প্রদানের জন্য EFD-এর প্রোগ্রামিং সক্ষমতা থাকিতে হইবে;

৫. EFD এর অপারেটিং এনভায়ারনমেন্ট এন্ড্রয়েড/উইন্ডোজ/লিনাক্স ভিত্তিক হইতে হইবে। উক্ত অপারেটিং এনভায়ারনমেন্ট যাতে জাভা/সি/সি$^{++}$/ডট নেট বা অন্য যে কোন সমজাতীয় প্রোগ্রামিং ভাষা গ্রহণ করিতে পারে সেই ব্যবস্থা থাকিতে হইবে;

৬. জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS হইতে ইলেকট্রনিক্যালি দূর নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে প্রত্যেকটি EFD-এর যথার্থতা এবং প্রাধিকারদান এর অনুরোধজ্ঞাপক প্রক্রিয়া গ্রহণের সক্ষমতা থাকিতে হইবে;

৭. EFD-এর কেন্দ্রিয় EFDMS হইতে অনুমোদিত কোড গ্রহণ ও রিসিট মুদ্রণের সক্ষমতা থাকিতে হইবে। অনুমোদিত কোড ব্যতিরেকে EFD রিসিট মুদ্রণ করা যাইবে না;

৮. প্রতিটি EFD একটি একক BIN (মূসক নিবন্ধন নম্বর) এর বিপরীতে নিবন্ধিত হইবে। তবে কোন ব্যবসায় অংগনে একাধিক সেবা দেওয়ার কাউন্টার থাকিবার কারণে একাধিক EFD ব্যবহার করা হইলে সেগুলিও উক্ত BIN এর আওতায় নিবন্ধিত হইবে;

৯. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক দূর-ব্যবস্থার মাধ্যমে নিরীক্ষায় সহায়তার সক্ষমতা থাকিতে হইবে;

১০. EFD কেন্দ্রিয় EFDMS এ X এবং Z প্রতিবেদন পাঠাইবার সক্ষমতা থাকিতে হইবে;

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

১১. EFD-তে এমন ব্যবস্থা থাকিতে হইবে যাহার ফলে মূসক কর্মকর্তাগণ নিরীক্ষার সময়ে অথবা যেকোনো সময়ে ডাটা/প্রতিবেদন মুদ্রণ করিতে পারেন;

১২. EFD-তে wifi/fibre optic connectivity এর ব্যবস্থার অতিরিক্ত SIM এর মাধ্যমে (GPRS/3G/4G) সংযুক্ত হইবার ব্যবস্থা থাকিতে হইবে;

১৩. পিসি, স্ক্যানার, প্রিন্টার, ফ্ল্যাশ ড্রাইভ এবং অন্যান্য ডিভাইসের সাথে সংযুক্ত হওয়ার পোর্ট থাকিতে হইবে;

১৫. ফিসক্যাল মেমরিতে যে সকল তথ্য জমা হয় সেই তথ্যের যথাযথ নিরাপত্তা প্রদান এবং তথ্যের কোনরূপ পরিবর্তন বা তথ্যে অবৈধ হস্তক্ষেপ যাতে না হয় সেই ব্যবস্থা EFD-তে নিশ্চিত করিতে হইবে;

১৬. EFD-তে ন্যুনতম পাঁচটি ভিন্ন হারে স্বয়ংক্রিয়ভাবে মূসক গণনার ব্যবস্থা থাকিতে হইবে;

১৭. EFD-তে পুন: চার্জযোগ্য ব্যাটারী অথবা বিকল্প বিদ্যুৎ সরবরাহ ব্যবহারের ব্যবস্থা থাকিতে হইবে;

১৮. ফিসক্যাল মেমোরির নির্ভুল ও সমস্যাহীনভাবে কাজ করিবার বিষয়টি নিশ্চিতকরণের জন্য EFD-তে টেস্ট মোড থাকিতে হইবে;

১৯. সিস্টেম পরিচালনার প্রাথমিক শর্তাবলী হইবে নিম্নরূপ:

(১) EFD-এর প্রত্যেক বিক্রয় তথ্য অনুমোদিত কোডের জন্য কেন্দ্রিয় EFDMS-এ যাইবে;

(২) অনুমোদিত কোড পাওয়ার পর প্রত্যেক বিক্রয় লেনদেন কার্যকর হইবে;

(৩) মূসক চালান পত্র ইস্যু করিবার পূর্বে অনুমোদিত কোড একটি ইউনিক নম্বর ও QR code সহ বিক্রয় চালানে মুদ্রিত থাকিতে হইবে;

(৪) ডাটা সুরক্ষার সকল বৈশিষ্ট্য বিবেচনায় লইতে হইবে;

(৫) দূরবর্তীভাবে এবং ব্যবসা অঙ্গণে নিরীক্ষা পরিচালনার বৈশিষ্ট্য থাকিতে হইবে;

(৬) বিভিন্ন ধরণের পর্যাবৃত্ত প্রতিবেদন যেমন: X-Report, Z-Report ইত্যাদি System-এর মাধ্যমের নির্ধারিত সময় পর পর স্বয়ংক্রিয়ভাবে জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS-এ প্রেরণের সক্ষমতা থাকিতে হইবে।

(খ) যেইসকল ক্ষেত্রে ব্যবসায়ী প্রতিষ্ঠান নিজস্ব Point of Sale (POS) System ব্যবহার করিবে, সেইসকল ক্ষেত্রে EFD-র পরিবর্তে Sales Data Controller (SDC) বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত অন্যবিধ ডিভাইস [যাহা প্রতিটি লেনদেন অবিকৃতভাবে লেনদেনটি সংঘটিত হওয়ার সময়ই (Real Time) সংরক্ষণ ও নির্ধারিত ফরম্যাটে জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS-এ প্রেরণের সক্ষমতা সম্বলিত হইবে] ব্যবহার করিতে হইবে। SDC এর Technical Specification হইবে নিম্নরূপ:

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

১. EFD-এর মত বিক্রয় চালান মুদ্রণের ব্যবস্থা থাকিতে হইবে;

২. জাতীয় রাজস্ব বোর্ড এর নির্ধারিত সুরক্ষা ব্যবস্থা লঙ্ঘন না করিয়া POS ব্যবস্থার সহিত সংযোগের সক্ষমতা থাকিতে হইবে;

৩. SDC তে উপর্যুক্ত EFD-এর বৈশিষ্ট্যসমূহ থাকিতে হইবে। বিদ্যুৎ না থাকিলে ব্যাকআপ ব্যাটারির মাধ্যমে কাজ করিবার সক্ষমতা থাকিতে হইবে। অধিকন্তু অন্যান্য বৈশিষ্ট্যসমূহ নিম্নরূপ হইবে:

- জাতীয় রাজস্ব বোর্ডের EFDMS-এর সংযুক্ত হইয়া নির্ধারিত অথরাইজেশন কোড মুদ্রণ এবং উক্ত তথ্যাদি EFDMS এ প্রেরণের সক্ষমতা থাকিতে হইবে;
- বিল্ট-ইন-ফিসক্যাল মেমরি সহ ফিসক্যাল মডিউল থাকিতে হইবে;
- বিল্ট-ইন-রিয়েল-টাইম ঘড়ি এবং থার্মাল লাইন মুদ্রণ ব্যবস্থা থাকিতে হইবে;
- পিসি এবং অন্যান্য POS পেরিফেরি যেমন: এক্সটার্নাল (পোল) ডিসপ্লে এবং ক্যাশ ড্রয়ার এর সহিত সংযোগ স্থাপন পোর্ট থাকিবে;
- ফিসক্যাল মেমরির কনটেন্ট পঠনযোগ্য এপ্লিকেশন সফটওয়্যার থাকিতে হইবে।

(গ) সরবরাহকৃত পণ্য বা সেবার বিপরীতে EFD/SDC কর্তৃক ইস্যুকৃত মূসক চালানপত্রে (ফিসক্যাল রিসিট) নিম্নবর্ণিত তথ্যাদি সন্নিবেশিত থাকিবে, যথাঃ

১. ব্যবসায়ের নাম ও ঠিকানা;
২. ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN);
৩. ক্রেতার নাম ও BIN (প্রযোজ্য ক্ষেত্রে);
৪. ক্যাশিয়ারের নাম ও কাউন্টার নম্বর;
৫. ফিসক্যাল ডিভাইস ও ফিসক্যাল মেমরি নাম্বার;
৬. সরবরাহকৃত পণ্য বা সেবার বিবরণ, পরিমাণ, একক মূল্য, মোট মূল্য, মূসকের হার ও পরিমাণ এবং মূসকসহ মোট মূল্য যেইক্ষেত্রে সকল মূল্য বাংলাদেশী টাকায় প্রদর্শিত হইবে;
৭. কার্যক্রমের প্রমাণক যেমন: VOIDs (সংশোধনী), ডিসকাউন্ট, add-ons (markups);
৮. পেমেন্টের মাধ্যম (ক্যাশ, কার্ড, চেক অথবা ক্রেডিট);
৯. জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ইস্যুকৃত অথরাইজেশন কোড যাহা ব্যতীত কোন চালান মুদ্রণ হইবে না;
১০. তারিখ ও সময় (২৪ ঘন্টা ফরমেট; সময় hh:mm এবং তারিখ dd-mm-yyyy 'ইস্যুর তারিখ');
১১. চালানপত্রের উপর অথবা নিচের অংশে প্রতিষ্ঠানের লোগো থাকিতে পারে;
১২. প্রতিষ্ঠানের BIN, মোট বিক্রয় মূল্য, মূসকের হার ও পরিমাণ এবং মূসকসহ মোট মূল্য সম্বলিত তথ্যাদি 2D বারকোড/QR কোড মুদ্রিত হইতে হইবে।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

৪। EFD/SDC ব্যবহারকারী প্রত্যেক করদাতা মূসক ব্যবস্থার আওতায় ক্রয়-বিক্রয় সংশ্লিষ্ট সকল রেজিস্টার/ডেটাবেস ও প্রয়োজনীয় দলিলাদি ন্যূনতম ৫ (পাঁচ) বৎসর সংরক্ষণ করিবেন।

৫। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৭৮ অনুসারে ক্ষমতাপ্রাপ্ত যেকোনো মূসক কর্মকর্তা অথবা জাতীয় রাজস্ব বোর্ডের মূল্য সংযোজন কর অনুবিভাগ কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত জাতীয় রাজস্ব বোর্ডের আইটি কর্মকর্তা অথবা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নিয়োজিত EFDMS স্থাপন ও রক্ষণাবেক্ষেণের দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি যথাযথ ক্ষমতাপ্রাপ্ত হইয়া স্থাপিত EFD/SDC যথাযথভাবে পরিচালিত হইতেছে কিনা তাহা নিশ্চিতকল্পে যেকোনো সময়ে সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানের অঙ্গণে গমন করিয়া সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন এবং নিম্নোক্ত বিষয়ে পরীক্ষা করিয়া ২৪ (চব্বিশ) ঘন্টার মধ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিবেন, যথা :-

ক. স্থাপিত EFD/SDC মেশিনটি সঠিকভাবে কাজ করিতেছে কিনা;

খ. করদাতা প্রতিটি বিক্রয়ের বিপরীতে চালানপত্র ইস্যু করিয়াছেন কিনা;

গ. স্থাপিত EFD/SDC হইতে বোর্ড কর্তৃক নির্ধারিত দৈনিক/মাসিক মোট বিক্রয়, আদায়কৃত মূসক, স্টক পরিস্থিতি ইত্যাদি তথ্য সম্বলিত প্রতিবেদন (যথা X-Report, Z-Report ইত্যাদি) পাওয়া যায় কিনা;

ঘ. করদাতার দাখিলকৃত মাসিক দাখিলপত্র ও পরিশোধিত মূসকের সাথে স্থাপিত EFD/SDC মেশিনটিতে রক্ষিত তথ্যের সহিত সামঞ্জস্য আছে কিনা।

৬। EFD/EFP ব্যবহারের বাধ্যবাধকতা থাকা সত্ত্বেও কোন সেবা প্রদানকারী অথবা ব্যবসায়ী প্রতিষ্ঠান তা ব্যবহার না করিলে অথবা যথাযথভাবে ব্যবহার না করায় রাজস্ব ফাঁকির ঘটনা উদঘাটিত হইলে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৮৫ অনুযায়ী ব্যবস্থা গৃহীত হইবে। কোন অপরাধ দুইবার সংঘটিত হইলে অর্থদন্ড আরোপের পাশাপাশি প্রতিষ্ঠানটি সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনার বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা (যুগ্ম কমিশনারের নিম্নে নয়) সাময়িকভাবে বন্ধ করিয়া দিতে পারিবেন।

৭। এ আদেশ ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ মোতাবেক ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে দেশের সকল সিটি কর্পোরেশন এলাকা এবং সকল জেলা শহর এলাকায় কার্যকর বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ তারেক হাসান
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com